



আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

০৩-০৬-২০২২, অনলাইন সংস্করণ

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ: সহনশীল মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার আহ্বান

☑ অনলাইন ডেস্ক



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ: সহনশীল মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার আহ্বান

দেশের অন্যতম প্রধান বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২২ সালের গ্রীষ্মকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল। বৃহস্পতিবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আফতাবনগরে এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই সেমিস্টারে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে প্রায় এক-হাজার শিক্ষার্থীকে বরণ করা হয়েছে।

অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। সেই সাথে শিক্ষা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হয়।

নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান, স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মাদ জিয়াউল হক মামুন এবং অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মাদ ফরাসউদ্দিন। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন তিনটি অনুষদের ডিনবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা নবীন শিক্ষার্থীদের উদার নৈতিকতাবোধ সম্পন্ন একজন সহনশীল মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার আহ্বান জানান। তাদের মতে, একজন সহনশীল মানুষ শুধু তার নিজের জন্যই নয়, পুরো মানবসমাজের জন্য কল্যাণ বয়ে আনে। একইসাথে নবীন শিক্ষার্থীদের কঠোর অধ্যবসায়ের মাধ্যমে শিক্ষা জীবনকে কাজে লাগিয়ে দেশের সুনামগরিক এবং ভবিষ্যৎ উদ্যোক্তা হিসেবে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে পরামর্শ দেন।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থী ছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও কর্মকর্তারা অংশগ্রহণ করেন।